



জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সাইন্সেস এর আর্টিকেলসমূহের DOI নম্বর প্রাপ্তি এবং Open Access প্রাপ্ত প্রথম দুটি সংখ্যার মোড়ক উন্মোচন



১১ ফেব্রুয়ারি ২০২৪-রবিবার উপাচার্যের কনফারেন্স রুমে জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সাইন্সেস এর Open Access প্রাপ্ত প্রথম দুটি সংখ্যার (ভলিয়ম নং:১০ এবং নং: ১ ও ২) মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম। এসময় জার্নালটির (ভলিয়ম নং:১০ এবং নং: ১ ও ২) আর্টিকেলসমূহের DOI নম্বর পাওয়ায় অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য মহোদয় জার্নাল কমিটির সম্পাদনা পর্ষদ ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, “বিজ্ঞান এমন একটা বিষয় যা সবকিছুর মূলে চালিকা শক্তি হিসেবে কাজ করে। আমাদের অভিভাবক মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত ইচ্ছা ও অভিব্যক্তি আমাদের গবেষণা বৃদ্ধি করতে হবে, আর এই গবেষণা বৃদ্ধির জন্য অল্প পুঁজিতে যে কিছু করতে পেরেছি সে অনুভূতি বিশাল।”



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



তিনি আরো বলেন, “আমাদের বিশ্ববিদ্যালয়ে গবেষণা ক্ষেত্রে অনুদান বৃদ্ধি পেলে আমরা অনেকটা এগিয়ে যাবো। এছাড়াও নিজস্ব মাধ্যমে আমরা বিভিন্ন জায়গা থেকে গবেষণার জন্য অনুদানের ব্যবস্থা করতে হবে। আর জার্নালগুলোর সম্পাদনা পর্ষদে আন্তর্জাতিক গবেষক অন্তর্ভুক্ত করলে গবেষণার মান আরো বৃদ্ধি পাবে।”

জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সাইন্সেস এর প্রধান সম্পাদক ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. শাহজাহানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন সহ উক্ত জার্নাল কমিটির সম্পাদনা পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জার্নাল কমিটির সহযোগী সম্পাদক অধ্যাপক ড. আবদুস সামাদ।